দৈনিক ইত্তেফাক

তারিখ 29 OCT 1993
পৃষ্ঠা 7 কলাম 5

25

# মাদ্রাসা পরীক্ষার পাসের হার ৫৬

ইত্তেফাক রিপোর্ট ।। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৩ সালের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষার ফলাফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। আলিম সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির গ্রুপে ২৬ হাজার ৭১৮ জন পরীক্ষার্থী অংশ নেয়। তন্মধ্যে ১৪ হাজার ৯৬৫ জন পাশ করে। পাশের শতকরা হার ৫৬ দশমিক শূন্য ১।

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মাদ্রাসা পরীক্ষায়

( প্রথম পৃঃ পর )

৬২১ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৯৭১ জন দ্বিতীয় বিভাগে এবং ৯ হাজার ৩৭৩ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৭৫১ জন ছিল ছাত্রী। চরফ্যাশন কারাঃ আলিয়া মাদ্রাসার ছাত্র আবু সাইয়েদ মুহাম্মদ সলিমুল্লাহ এই তিন গ্রুপের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করিয়াছে। তাহার মোট নম্বর ৮৪২।

ফাযিল পরীক্ষায় মোট ১৩ হাজার ২০৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। তন্মধ্যে ১২১ জন প্রথম বিভাগে, ৩ হাজার ২৩৪ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ৮৬০ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের শতকরা হার ৫৪ দশমিক ৬২।

কামিল হাদিস, ফিক্হ তাফসীর ও আদাব বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৭ হাজার ৯৫৫-জন। তন্মধ্যে ৩৬৮ জন প্রথম বিভাগে, ৪ হাজার ২৩২ জন, দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৪৪৫ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের শতকরা হার ৭৫ দশমিক ৯৮।